



তথ্যবিবরণী

নম্বর-০৫৬

রাজশাহীতে ক্ষুদ্র পণ্য বাণিজ্য মেলার উদ্বোধন

রাজশাহী; ১৮ আশ্বিন (০৩ অক্টোবর):

আজ বৃহস্পতিবার (০৩ অক্টোবর) সকাল ১১টায় নগর ভবনের গ্রিনপ্লাজায় রাজশাহী বিভাগীয় কমিশনার ও সিটি কর্পোরেশনের প্রশাসক ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর মাসব্যাপী অনুষ্ঠিতব্য ক্ষুদ্র পণ্য বাণিজ্য মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

উদ্বোধনকালে প্রধান অতিথি বলেন, ক্ষুদ্র উদ্যোক্তাদের উৎসাহিত করতে এ মেলার আয়োজন করা হয়েছে। ক্ষুদ্র উদ্যোক্তারা শুধু নিজেদের নয় দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখে। নানা চ্যালেঞ্জের মধ্যে দিয়ে ক্ষুদ্র উদ্যোক্তারা নিজেদের কর্মকাণ্ড অব্যাহত রাখে এজন্য তাদের সব ধরনের সহযোগিতা করা হবে। রাজশাহীর ক্ষুদ্র ও কুটির শিল্পাভিত্তিক অর্থনৈতিক কর্মকাণ্ড সচল রাখতে এ ধরনের উদ্যোগ অব্যাহত রাখতে হবে।

নারী উদ্যোক্তাদের কর্মসংস্থান সৃষ্টিতে বাণিজ্য মেলা বিশেষ ভূমিকা রাখে উল্লেখ করে রাসিক প্রশাসক বলেন, মেলায় নারী উদ্যোক্তারা নিজেদের উৎপাদিত পণ্যের বাজার বিস্তৃত করার সুযোগ পান। কর্মসংস্থান সৃষ্টিসহ এ অঞ্চলের ব্যবসা বাণিজ্য প্রসারে বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে হবে। মেলা আয়োজনে সার্বিক সহযোগিতা করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং এ ধরনের উদ্যোগ অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন তিনি।

পরে বিভাগীয় কমিশনার মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন।

বাণিজ্য মেলায় ৪৭টি স্টলের মধ্যে ক্রোকারিজ সামগ্রী, খাদ্য সামগ্রী, তাত বস্ত্র, গার্মেন্টস, গিফট কর্নার, খেলনা সামগ্রী ছাড়াও ছোট সোনা-মনিদের বিনোদনে নাগরদোলাসহ ৩টি রাইড রয়েছে। মেলা প্রতিদিন সকাল ১০টা হতে রাত ১০টা পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত রাখা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠান শেষে দোয়া ও মোনাজাত করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে রাজশাহী সিটি কর্পোরেশনের সচিব মোঃ মোবারক হোসেনসহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারী, মেলার আয়োজক সূচনা এন্টারপ্রাইজের স্বত্তাধিকারী, বিভিন্ন স্টলের প্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রাফিদ/১৫:০০ঘ.